

মডেল অ্যাস্ট্রিভিটি টাস্ক

বাংলা

তৃতীয় শ্রেণি

১. নীচের বাঁ দিকের কথাগুলির মধ্যে যেটা ঠিক তার পাশে (✓) চিহ্ন আর যেটা ভুল তার পাশে (✗) চিহ্ন দাও :

১.১ ‘সত্যি সোনা’ গল্পে বুড়ো চাষির ছেলে ছিল অত্যন্ত নির্লোভ।

১.২ ‘আমরা চাষ করি আনন্দে’ কবিতাটি লিখেছেন বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর।

১.৩ ‘আমাকে ক্ষমা করবেন।’ — কথাটি বলেছেন কুলি হিসেবে এগিয়ে আসা ঈশ্বরচন্দ্ৰ বিদ্যাসাগর।

১.৪ ‘দেয়ালের ছবি’ গল্পে বাঘকে শিকারি লোটায় করে পুকুরের ঠাণ্ডা জল এনে দিয়েছিল।

১.৫ সুনির্মল চুরুবৰ্তীর লেখা একটি বইয়ের নাম ‘কুসুমপুরের শালিক’।

১.৬ ফুলপরিরা তাদের দেশ থেকে অনেক ফুল নিয়ে এসেছিল।

২. একটি বাক্যে উত্তর দাও :

২.১ ‘সেটা বলব বলেই তো ডেকেছি তোমায়।’ — বক্তা কোন্ কথা বলবেন ?

২.২ ‘পুলক’ শব্দটি দিয়ে একটি বাক্য রচনা করো।

২.৩ ‘নিজের হাতে নিজের কাজ’ গল্পের ঘটনাটি কোথায় ঘটেছে ?

২.৪ ‘দুজনে রওনা দিল বনের পথে।’ — কোন্ দুজনের কথা এখানে বলা হয়েছে ?

২.৫ ‘সারাদিন’ কবিতায় শিশুটি খাতার পাতায় কী কী আঁকে ?

২.৬ ‘চলো, আমরা ফুল নিয়ে আসি।’ — কারা একথা বলেছিল ?

৩. নিজের ভাষায় উত্তর দাও :

৩.১ ‘আমরা চাষ করি আনন্দে’ কবিতায় প্রকৃতির রূপ কীভাবে ফুটে উঠেছে ?

৩.২ ‘আমি আর কখনও নিজের কাজ নিজের হাতে করতে সঙ্গুচিত হব না।’ — ডাঙ্কারবাবুর এমন প্রতিজ্ঞা করার কারণ কী ?

৩.৩ ‘তা এটা কী মানুষের আঁকা ?’ — বাঘ এমন প্রশ্ন করেছিল কেন ?

৩.৪ ‘এখনো নাকি ফুলপরিরা নেমে আসে পৃথিবীতে।’ — পৃথিবীতে নেমে এসে তারা কী করে ?

৪. শূন্যস্থানে ঠিক বর্ণ বসিয়ে শব্দ তৈরি করো :

৪.১ প _____ স্ত

৪.২ ডা _____ র

৪.৩ প্রতি _____

৪.৪ _____ ঙ্গাল

৪.৫ র _____ ন

৫. বাংলা ভাষায় স্বরবর্ণ আর স্বরধ্বনিগুলি কী কী ?

৬. নীচের বাক্যগুলোর শব্দ কীভাবে তৈরি লেখে :

৬.১ ছেলের চোখদুটো লোভে চকচক করে ওঠে।

৬.২ ধানের শিয়ে পুলক ছোটে।

৬.৩ নাম শুনে ডাঙ্কারবাবু চমকে উঠলেন।

৬.৪ ছোটো দাওয়া পেরিয়ে তারা ঘরে ঢুকল।

ছাত্রছাত্রীরা বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এগুলো করে বিদ্যালয় খুললে শিক্ষকের কাছে জমা দেবে।

কোনো অবস্থাতেই তারা বাড়ির বাইরে বেরোবে না।